

PRINT

## সমকাল

# মেধাবী শিক্ষার্থী নিশা মনির দায়িত্ব নিলেন অ্যাটর্নি জেনারেল

১০ ঘণ্টা আগে

### মুক্তীগঞ্জ প্রতিনিধি

মুক্তীগঞ্জের লৌহজংয়ের হলদিয়া বহুমুখী উচ্চ বিদ্যালয়ের দশম শ্রেণির শিক্ষার্থী নিশা মনি সৃজনশীল মেধা অন্বেষণ-১৮ প্রতিযোগিতায় ঢাকা বিভাগে চ্যাম্পিয়ন হয়ে জাতীয় পর্যায়ে প্রতিযোগিতায় অংশ নেওয়ার যোগ্যতা অর্জন করেছে। এ জন্য শনিবার দুপুরে আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে দরিদ্র পরিবারের মেধাবী শিক্ষার্থী নিশা মনিকে এককালীন ৫০ হাজার টাকা অনুদান এবং এসএসসি পরীক্ষা পর্যন্ত প্রতি মাসে ৫ হাজার টাকা আর্থিক সহযোগিতা করার প্রতিশ্রুতি দিয়েছেন অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলম।

নিশা মনির বাবা আক্তার হোসেন পেশায় দর্জি ও মা গৃহিণী। দুই বোন ও এক ভাইয়ের মধ্যে বড় মেয়ে নিশা মনি অনেক কষ্ট করেই লেখাপড়া চালিয়ে এখন দশম শ্রেণিতে পড়েছে। নিশা মনি হলদিয়া বহুমুখী উচ্চ বিদ্যালয় থেকে আগামী বছর এসএসসি পরীক্ষায় অংশ নেবে।

সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃত্ব দেন অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলম। বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. রফিকুল ইসলামের সভাপতিত্বে ও কনকসার ইউপি চেয়ারম্যান আবুল কালাম আজাদের স্থগালনায় অনুষ্ঠানে বক্তৃতা করেন মুক্তিযোদ্ধা সংসদ কমান্ড কাউন্সিলের কেন্দ্রীয় মহাসচিব (অর্থ) মুক্তিযোদ্ধা আবুল বাসার, ঢাকা মেডিকেল কলেজ শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ডা. মো. আবু ইউচুফ ফকির প্রমুখ।

© সমকাল 2005 - 2017

সম্পাদক : গোলাম সারওয়ার। প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮। ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,  
বিজ্ঞাপন : ৮৮৭০১৯০। ইমেইল: [info@samakal.com](mailto:info@samakal.com)

